



## কিডনি রোগ নির্ণয়ে প্রসব পূর্ববর্তী আলট্রাসোনোগ্রাম এর ভূমিকা

- ✚ কিছুদিন পূর্বে এক নানী এসেছেন নবজাতক নাতনী কে নিয়ে। বাচ্চার ডেলিভারি হয়েছে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে। সিজারের কারন জানতে গিয়ে যা জানা গেল তার সারমর্ম হল মার আগের ৫জন মেয়ে আছে। আলট্রাসোনোগ্রাম করে বলেছিল এই বাচ্চা ছেলে হবে তাই সতর্কতা সরূপ সিজার করা হয়েছে যাতে ছেলের কোনও সমস্যা না হয়। সিজার করার পর দেখা গেলো মেয়ে। বোঝাই যাচ্ছে নানীর মনের অবস্থা। লিঙ্গ জানা ছাড়াও যে গর্ভকালীন আলট্রাসোনোগ্রাম এর আরও অনেক ভূমিকা আছে এটা নিয়ে আমাদের কোন মাথাব্যথা নেই।
- ✚ প্রসব পূর্ববর্তী আলট্রাসোনোগ্রাম করে প্রতি ১০০০ জনে ১-২ জন নবজাতকের কিডনি ও মূত্রনালির সমস্যা থাকতে পারে, যার ৮০ ভাগেরই কোন লক্ষণ থাকেনা।

### ▪ কি কি সমস্যা হতে পারে?

- ✚ রেনাল পেল্ভিস মোটা হয়ে যাওয়া। অনেক সময় এটা স্বাভাবিক হতে পারে। তাই ধারাবাহিক আলট্রাসোনোগ্রাম করে দেখতে হবে বাড়ছে / কমছে কিনা। ২৮ সপ্তাহের পরে পেল্ভিক AP diameter ১০ মিমি. এর বেশি হওয়া অস্বাভাবিক।
- ✚ গর্ভাবস্থার প্রথম পর্যায়ে কিডনিতে কোন সমস্যা হলে কিডনি টিস্যুর পরিমাণ কমে গিয়ে ধীরে ধীরে কিডনি ছোট হয়ে যেতে পারে। শেষের দিকে যদি কোন obstruction হয়, রেনাল পেল্ভিস/ ইউরেটার মোটা হয়ে যায় কিন্তু কিডনি টিস্যু মোটামুটি ঠিক থাকে।

### ▪ কি কারনে হতে পারে??

- Renal agenesis-unilateral/bilateral
- Muticystic dysplastic kidney
- Ectopic kidney
- Pelvi-ureteric junction obstruction:

প্রতি ৫ জনে ১ জন  
ছেলে বাচ্চাদের বেশি হয়  
৭০ ভাগ ক্ষেত্রে একদিকে হয়  
দুইদিকে হলে কোন লক্ষণ নাও থাকতে পারে

- vesicoureteric reflux (VUR): 20-40%
- Posterior urethral valve (PUV): সবচেয়ে কমন। এ বিষয়ে পূর্বে এই পেইজে লিখা হয়েছে
- Megaureter: Ureter সাধারণত আলট্রাসোনগ্রাম এ বুঝা যায়না। তাই Ureter দেখা গেলে এটা সব সময়ই অস্বাভাবিক এবং এর কারন খুঁজতে হবে।

#### ▪ কি করতে হবে?

- অ্যামনিওটিক ফ্লইড এর পরিমাণ নবজাতকের কিডনির সক্ষমতাকে নির্দেশ করে। তাই অ্যামনিওটিক ফ্লইড এর পরিমাণ কমে গেলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে, তা না হলে বাচ্চার কিডনি এবং পর বর্তিতে ফুস্ফুসের মারাত্মক জটিলতা হতে পারে।
- শতকরা ৯০ ভাগ ক্ষেত্রে গর্ভকালীন ২০-২২ সপ্তাহে কিডনি ,পেল্ভিস এবং calyceal pattern বুঝা যায়। এই সময় প্রস্রাব তৈরি শুরু হয় । ১৫ সপ্তাহের পরেও যদি মুত্রথলি ( urinary bladder) না বুঝা যায় তাহলে এটা অবশ্যই অস্বাভাবিক ।

শুধুমাত্র লিঙ্গ জানার উদ্দেশ্যে আলট্রাসোনগ্রাম না করে একজন রেজিস্টার্ড চিকিৎসক কে দিয়ে করতে হবে। যদি কোন সমস্যা থাকে অবশ্যই একজন শিশু কিডনি রোগ বিশেষজ্ঞের শরণাপন্ন হতে হবে।

ডাঃ এ এইচ এম মুসলিমা আক্তার  
এম বি বি এস, এম ডি (শিশু কিডনি)  
সহকারি অধ্যাপক  
প্রেসিডেন্ট আব্দুল হামিদ মেডিকেল কলেজ হাসপাতাল  
কিশোরগঞ্জ